



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/একা-৪০/ফা.অ.ভর্তি/২০১৮/০০০৩২২

তারিখ : ২১.১২.২০২২

ফাজিল অনার্স এর ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল অনার্স মাদরাসার অধ্যক্ষ, ভর্তিচ্ছু শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ফাজিল অনার্স ১ম বর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের মধ্যে যারা প্রকাশিত ২য় মেধা তালিকার মধ্যে অপেক্ষমাণ রয়েছে তারা আসন শূন্য থাকা সাপেক্ষে মেধাক্রম অনুসারে নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট মাদরাসা সমূহে ভর্তি হতে পারবে:

- ক. অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি : ২২/১২/২০২২ খ্রি. থেকে ২৯/১২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত।
- খ. ২য় মেধা তালিকার অপেক্ষমাণ তালিকা হতে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য admission.iau.edu.bd এর মাদরাসা প্যানেলে গিয়ে নিশ্চয়ন করে চূড়ান্ত সাবমিট দেয়ার তারিখ : ০৪.০১.২০২৩ খ্রি.।
- গ. চূড়ান্ত ভর্তি ফি' বাবদ আদায়কৃত অর্থের নির্ধারিত অংশ বিশ্ববিদ্যালয়ের একাউন্টে জমা প্রদানের শেষ তারিখ : ১০.০১.২০২৩ খ্রি.
- ঘ. চূড়ান্ত ভর্তি ফি' বাবদ বিশ্ববিদ্যালয়ের একাউন্টে জমাকৃত টাকার মূল ব্যাংক স্লিপ ১৬.০১.২০২৩ খ্রি. তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখায় প্রেরণ করতে হবে।

❖ উল্লেখ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ইতিপূর্বে প্রকাশিত ভর্তি নির্দেশিকার এতদ্ব্যতীত অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

প্রয়োজনে:

আইসিটি শাখা: ০১৭০৯-৩৮৩৯০০৭

একাডেমিক শাখা: ০১৭৯৪-৫০১৩৫৮

অর্থ ও হিসাব শাখা- ০২-২২৩৩২৬৭২৫

প্রো-ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(মো: রেজাউল হক)

রেজিস্ট্রার

e-mail : iau.registr@gmail.com